জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
সেক্টর- ৮, প্লট- ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা- ১২৩০
bpi.gov.bd

বিষয়: বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আজিজুল ইসলাম, অতিরিক্ত সচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট। |
| সভার তারিখ | : | ২০/০৬/২০২১। |
| সভার সময় | : | দুপুর ১১.৩০ ঘটিকা। |
| স্থান | : | অনলাইন সিষ্টেম (জুম)। |
| উপস্থিতি | : | রেকর্ডেড। |

গত ২০ জুন, ২০২১ তারিখ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) ও বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) এর সভাপতিত্বে অনলাইন ব্যবস্থাপনায় ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বিভিন্ন প্রতিষ্ঠানের অংশগ্রহণে একটি অংশীজনের সভা (Stakeholder Meeting) অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন।

২। অত:পর সভাপতি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর কার্যক্রম ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে উপস্থাপনা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।

৩। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিপিআই সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত Power Point Presentation শুরু করেন এবং সেবা প্রদান সংক্রান্ত বিভিন্ন কার্যাবলী তুলে ধরেন। তিনি সেবা প্রদান সংক্রান্ত নাগরিক সেবা, অভ্যন্তরীণ সেবা এবং প্রাতিষ্ঠানিক সেবা সম্পর্কে অংশীজনকে অবহিত করেন।

৪। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা বিপিআই এর সিটিজেন চার্টারের সেবাসমূহ ওয়েবসাইটে হালনাগাদ করা আছে বলে সকলকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কাজগুলি বিভিন্ন কর্মকর্তাদের মধ্যে বন্টন করা আছে।

৫। সভার এ পর্যায়ে পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) সিটিজেন চার্টারের সেবার নামগুলো ওয়েবসাইট থেকে পড়ে শুনানোর জন্য উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা কে নির্দেশনা প্রদান করেন। এর পরিপ্রেক্ষিতে উর্ধ্বতন বৈজ্ঞানিক

কর্মকর্তা সিটিজেন চার্টারের সেবার নামগুলো ওয়েবসাইট থেকে পড়ে শোনান। তিনি বিভিন্ন সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতি সম্পর্কে অংশীজনকে অবহিত করেন।

৬। সভার এ পর্যায়ে বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানীর ব্যবস্থাপক জনাব জাহিদ আনোয়ার আবাসন সেবা সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করার কথা বলেন। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) এ সম্পর্কে জানান যে, আবাসন সেবার বিষয়টি সেবার তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে। তিনি আরও বলেন যে, অনলাইনের মাধ্যমে আবাসন সেবা নিবন্ধন প্রক্রিয়া চলমান আছে। সরাসরি স্বশরীরে প্রশিক্ষণের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীগণ অনলাইনের মাধ্যমে ডরমিটরি সেবা গ্রহণের ফর্ম পূরণের মাধ্যমে নিবন্ধন সম্পন্ন করতে পারেন।

৬। সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড (এসজিএফএল) -এর ব্যবস্থাপক জনাব মো: ফরিদুল হুদা সেবা প্রদানের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের ই-মেইল এবং টেলিফোন নম্বর বিপিআই website এর সেবা প্রদান কলাম এ অন্তর্ভুক্তের অনুরোধ করেন। বিপিআই-এর মহাপরিচালক, পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) সহ সকল সেবা প্রদানকারী কর্মকর্তার নাম, টেলিফোন নম্বর ও ই-মেইল এড্রেস ওয়েবসাইটে সেবা প্রদান সংক্রান্ত উইন্ডোতে সন্নিবেশিত আছে বলে পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) অংশীজনকে অবহিত করেন। এ সেবা উন্নতকরণের জন্য কোন পরামর্শ থাকলে তা উল্লেখ করার অনুরোধ করা হয়।

৭। পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেডের মহাব্যবস্থাপক মোঃ আবুল কাশেম প্রধানিয়া কোম্পানিসমূহের ক্রয় প্রক্রিয়ার জন্য একটি ক্রয় নীতিমালা প্রস্তুত করার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। এবং এ বিষয়ে একটি প্রশিক্ষণ আয়োজনের অনুরোধ করেন। সভাপতি মহোদয় এ বিষয়ে নির্দেশনা প্রদান করে বলেন যে, ক্রয় নীতিমালা সম্পর্কিত কোন প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের প্রয়োজনীয়তা নেই। তবুও তিনি এ বিষয়ে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি হতে বিপিআই কে একটি পত্র প্রদানের নির্দেশ দেন যার আলোকে প্রয়োজনীয়তা সাপেক্ষে প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে।

৮ । সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২.৬.২০২১

(মো: আজিজুল ইসলাম)
অতিরিক্ত সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
ফোন: ৮৯৩৩৩৩৪

নং-২৮.০৪.০০০০.০০৪.২৪.০০৭.১৮-৫৭৫

তারিখ : ২২ জুন, ২০২১
০৮ আষাঢ়, ১৪২৮

২০/০৬/২০২১ তারিখ দুপুর ১১:৩০ ঘটিকায় অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনের সঙ্গে মত বিনিময় সভায় উপস্থিতির তালিকা:

| ক্রমিক নং | নাম ও পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|
| ১। | জনাব মোহাম্মদ আলী, ব্যবস্থাপনা পরিচালক | বাপেক্স |
| ২। | জনাব মোঃ আবুল কাসেম প্রধানীয়া, মহাব্যবস্থাপক | পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড |
| ৩। | জনাব মোঃ আখতার হোসেন, মহাব্যবস্থাপক | মেঘনা পেট্রোলিয়াম কোম্পানি লিমিটেড |
| ৪। | জনাব কাজী মাহবুবুল আলম, উপমহাব্যবস্থাপক | বাপেক্স |
| ৫। | জনাব জাহিদ আনোয়ার, ব্যবস্থাপক | বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড |
| ৬। | জনাব মো: ফরিদুল হুদা, ব্যবস্থাপক | সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড (এসজিএফএল) |
| ৭। | জনাব মাহমুদা বেগম, ব্যবস্থাপক | রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড |
| ৮। | জনাব আলী মোহাম্মদ খান, ব্যবস্থাপক (প্রশিক্ষণ) | তিতাস গ্যাস কোম্পানি লিমিটেড |
| ৯। | জনাব মো: শাহিনুর ইসলাম, ব্যবস্থাপক | বাপেক্স |
| ১০। | জনাব সুলতানা নাজনীন, ব্যবস্থাপক | সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড (এসজিএফএল) |
| ১১। | জনাব কামরুল ইসলাম চৌধুরী, ব্যবস্থাপক | কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড |
| ১২। | জনাব আমেনা বেগম, ব্যবস্থাপক (প্রশিক্ষণ) | গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড |
| ১৩। | জনাব শুভঙ্কর কুমার সাহা, ব্যবস্থাপক (প্রশিক্ষণ) | বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেড |
| ১৪। | জনাব মাহাদী হাসান, উপপরিচালক | হাইড্রোকার্বন ইউনিট |
| ১৫। | জনাব মো: আল আমিন, উপব্যবস্থাপক | তিতাস গ্যাস কোম্পানি লিমিটেড |
| ১৬। | জনাব সাখাওয়াত হোসেন, সহকারী বিস্ফোরক পরিদর্শক | বিস্ফোরক অধিদপ্তর |